দৈনিক ইত্তেফাক

তারিখ 11 SEP 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

# নির্দিষ্ট তারিখে বেসরকারী শিক্ষকদের বেতন দেওয়া হউক

সরকার বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের বেতন স্কেলের প্রারম্ভিক অংকের শতকরা ৭০ ভাগ টাকা প্রদান করেন। এই সরকারী অনুদান বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের আয়ের প্রধান উৎস। কিন্তু দুঃখের বিষয় এই অনুদান বা বেতন প্রদানের কোন নির্দিষ্ট তারিখ না থাকার কারণে শিক্ষকগণ প্রতিনিয়ত হয়রানি এবং হতাশার শিকার হইতেছেন। সাধারণত চলতি মাসের বেতন পরের মাসের ১৫, ২০, ২৫, ৩০, ৩১ ইত্যাদির যে কোন এক তারিখে দেওয়া হয়। কখনো কখনো পরের মাস ছাড়াইয়া তাহার পরের মাসের কোন এক তারিখে প্রদানের ব্যবস্থা হয়। ঈদের মত পর্ব উপলক্ষে সরকার বেতনের টাকার চেক ঢাকায় কেন্দ্রীয়ভাবে জমা দিয়া ৮/১০ দিনের মধ্যে বেতনের অর্থ শিক্ষকদের হাতে পৌঁছানোর নির্দেশ দেন। আবার একমাস আগে চেক জমা দিয়া বেতন উত্তোলনের শেষ তারিখ ঘোষণারও নজির আছে। এদিকে চেক জমাদান এবং টাকা উত্তোলনের শেষ তারিখ সম্পর্কে সরকারী ঘোষণার জন্য সবসময় খবরের কাগজের দিকে দৃষ্টি রাখিতে হয়। কোন কোন সময় আবার সকল কাগজে সরকারী ঘোষণার খবর থাকেও না। এইসব মিলাইয়া বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের এক পেরেশান অবস্থা। এই প্রেক্ষাপটে আমাদের প্রস্তাব, চলতি মাসের বেতনের চেক পরের, মাসের শুরুতেই হস্তান্তর এবং ১৫ তারিখের মধ্যে বেতনের অর্থ শিক্ষকদের হাতে প্রদানের ব্যবস্থা নিশ্চিত ও নির্দিষ্ট করা হউক। এই ব্যবস্থা ব্যাংকের জন্যও সুবিধাজনক হইবে।

—সৈয়দ আজহারুল হোসেন, প্রধান শিক্ষক, ছাতিয়াইন বিশ্বনাথ উচ্চ বিদ্যালয়, মাধবপুর, হবিগঞ্জ।